BGMEA

বিজিএ/এডমিন/২০২৬/১১৭ তারিখ: ১৭ মে, ২০২৬

# যাহাদের অবগতির জন্য সংশ্লিষ্ট

**বিষয়: SCEM জরিপ ২০২৬ বাস্তবায়নে সহযোগিতা প্রদান প্রসঙ্গে।**

সম্মানিত সদস্যবৃন্দ,

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (BBS), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীনে **"পরিবেশ সুরক্ষা ব্যয়, সম্পদ ও বর্জ্য ব্যবস্থাপনা (প্রতিষ্ঠান) জরিপ ২০২৬"** শীর্ষক একটি জরিপ কার্যক্রম পরিচালনা করছে।

উক্ত জরিপের আওতায় দেশের বিভিন্ন প্রতিষ্ঠানের পরিবেশ সুরক্ষা কার্যক্রম, সম্পদ ব্যবস্থাপনা ও বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত সাধারণ তথ্য সংগ্রহ করা হবে। এ প্রেক্ষিতে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/তথ্য সংগ্রহকারীগণ সদস্য কারখানার সাথে যোগাযোগ করতে পারেন।

এমতাবস্থায়, BGMEA-এর সকল সদস্য প্রতিষ্ঠানকে অনুরোধ করা যাচ্ছে যে, জাতীয় গুরুত্বপূর্ণ এ জরিপ কার্যক্রমে সহযোগিতার লক্ষ্যে প্রতিষ্ঠানের নীতিমালা ও প্রযোজ্য অভ্যন্তরীণ নির্দেশনা অনুসরণপূর্বক প্রয়োজনীয় তথ্য যথাসম্ভব প্রদান করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রয়োজনীয় সহযোগিতা করবেন।

এ বিষয়ে সদস্য কারখানাসমূহের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

ধন্যবাদান্তে,

১৭/০৫/২৬


**মেজর মোঃ সাইফুল ইসলাম**, পিএসসি, সিএসসিএম (অবঃ)
সচিব (ভারপ্রাপ্ত)


**সংযুক্তঃ**

- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পত্র নং-৫২.০১.০০০০.০০০.৯০৯.৩১.০০০১.২৬.২০৩ তারিখ: ৩০ এপ্রিল ২০২৬ খ্রি.


**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)**
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

**MD. Forhad Siddique**
Director General
Bangladesh Bureau of Statistics
Statistics and Informatics Division
Ministry of Planning

**মোঃ ফরহাদ সিদ্দিক**
মহাপরিচালক
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

উপানুষ্ঠানিক পত্র নং-৫২.০১.০০০০.০০০.৯০৯.৩১.০০০১.২৬.২০৩ তারিখ: ৩০ এপ্রিল ২০২৬ খ্রি.

**বিষয়: বিবিএস কর্তৃক বাস্তবায়নাধীন SCEM প্রকল্পের আওতায় 'পরিবেশ সুরক্ষা ব্যয়, সম্পদ ও বর্জ্য ব্যবস্থাপনা (প্রতিষ্ঠান) জরিপ ২০২৬' শীর্ষক জরিপে তথ্য-উপাত্ত সংগ্রহে সহযোগিতা প্রদান।**

প্রিয় মহোদয়,

পরিসংখ্যান আইন ২০১৩ এর ধারা ৬ অনুসারে সঠিক, নির্ভুল ও সময়োপযোগী পরিসংখ্যান প্রণয়ন ও সংরক্ষণ করার নিমিত্ত জাতীয় হিসাব, মূল্যস্ফীতি, আর্থ-সামাজিক, কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ, অর্থনৈতিক, শিল্প ও বাণিজ্য, জনতত্ত্ব, পরিবেশ, প্রাকৃতিক সম্পদ, জলবায়ু, দুর্যোগ ব্যবস্থাপনা প্রভৃতি বিষয়ে হালনাগাদ তথ্য-উপাত্ত সংগ্রহ, সংকলন, বিশ্লেষণ ও প্রকাশনার লক্ষ্যে পর্যায়ক্রমে বিভিন্ন শুমারি ও জরিপ পরিচালনা করার জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) আইনগত দায়বদ্ধতা রয়েছে।

০২। পরিবেশগত দূষণ বর্তমানে প্রধান ও গুরুতর সমস্যসমূহের মধ্যে অন্যতম। পরিবেশগত দূষণের ফলে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্থ হচ্ছে উদ্ভিদ ও প্রাণীকূল, সর্বোপরি ধ্বংস হচ্ছে বাস্তুসংস্থান ব্যবস্থা, যা দিন দিন ভয়ংকর রূপ ধারণ করছে। পরিবেশগত সংরক্ষণ সমাজ এবং রাষ্ট্রের অন্যতম একটি গুরুত্বপূর্ণ দায়িত্ব। পরিবেশগত জীববৈচিত্র্য সুরক্ষাসহ ভবিষ্যত প্রজন্মের জন্য বাসযোগ্য পৃথিবী গড়ে তুলতে প্রাকৃতিক সম্পদের টেকসই ব্যবস্থাপনা একান্ত অপরিহার্য। অপরদিকে, পরিবেশগত সুরক্ষা এবং দূষণ হ্রাসের লক্ষ্যে টেকসই বর্জ্য ব্যবস্থাপনার গুরুত্বও অপরিসীম। টেকসই বর্জ্য ব্যবস্থাপনা পরিবেশগত স্বাস্থ্যের গুনগতমান বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। পরিবেশগত তথ্য-উপাত্তের অপর্যাপ্ততার কারণে সঠিক পরিকল্পনা প্রণয়নের জন্য উন্নয়ন কর্মসূচি গ্রহণ করা কষ্টসাধ্য হয়ে পড়ে। বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার ও বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা, টেকসই উন্নয়ন অভীষ্ট প্রভৃতি বাস্তবায়নের জন্য পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ সংস্থাকে সঠিক ও সময়োচিত তথ্য-উপাত্ত দ্বারা সহায়তা করা বিবিএস এর অন্যতম দায়িত্ব।

০৩। সময়োপযোগী ও হালনাগাদ তথ্য প্রাপ্তির নিমিত্ত বিবিএস কর্তৃক বাস্তবায়নাধীন 'স্ট্যাটিস্টিক্যাল ক্যাপাসিটি এনহ্যান্সমেন্ট এন্ড মর্ডানাইজেশন (SCEM) প্রকল্প' এর আওতায় বাংলাদেশে দ্বিতীয়বারের মতো 'পরিবেশ সুরক্ষা ব্যয়, সম্পদ ও বর্জ্য ব্যবস্থাপনা (প্রতিষ্ঠান) জরিপ ২০২৬' শীর্ষক জরিপ পরিচালনার উদ্যোগ নেয়া হয়েছে। এ জরিপে নির্বাচিত প্রতিষ্ঠান/ সংস্থা হতে ডিজিটাল পদ্ধতিতে তথ্য-উপাত্ত সংগ্রহ করা হবে। উল্লেখ্য, পরিসংখ্যান আইন ২০১৩ এর ধারা ১২(১) অনুযায়ী বিবিএস এর চাহিদা মোতাবেক যে কোন ব্যক্তি, সংস্থা, প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষ তথ্য প্রদানে বাধ্য থাকবে এবং ধারা ১২(২) মোতাবেক সংগৃহীত সকল তথ্য গোপন রাখা হবে ও শুধুমাত্র গবেণামূলক কাজ ও উন্নয়ন পরিকল্পনায় ব্যবহৃত হবে। এই জরিপের মূল উদ্দেশ্য হচ্ছে:

ক) প্রতিষ্ঠান/ সংস্থার বৈশিষ্ট্য, আর্থিক ব্যবস্থাপনাসহ আয় ও ব্যয়ের হিসাব নিরূপণ;
খ) প্রতিষ্ঠান/ সংস্থা কর্তৃক পরিবেশ সংরক্ষণের জন্য চলতি ও মূলধন ব্যয় নিরূপণ;
গ) প্রতিষ্ঠান/ সংস্থা কর্তৃক প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনার চলতি ব্যয় ও মূলধন ব্যয় নিরূপণ;
ঘ) প্রতিষ্ঠান/ সংস্থার গবেষণা ও উন্নয়ন এবং বর্জ্য ব্যবস্থাপনার বৈশিষ্ট্যসহ আয় ও ব্যয়ের হিসাব নিরূপণ;
ঙ) সংগৃহীত বর্জ্যের বন্টন, রিসাইক্লিং, পরিত্যজন/ অপসারণ এর তথ্য-উপাত্ত সংগ্রহ; এবং
চ) বর্জ্য ব্যবস্থাপনার চ্যালেঞ্জ ও চাহিদাসমূহের তথ্য-উপাত্ত সংগ্রহ।

০৪। বর্ণিত জরিপ পরিচালনার গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে জরিপ প্রশ্নপত্র চূড়ান্তকরণের লক্ষ্যে কর্মশালার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/ অধিদপ্তর/সংস্থা/বেসরকারি সংস্থা/গবেষক প্রভৃতির মতামত গ্রহণ করা হয়েছে। বিবিএস এর দায়িত্বপ্রাপ্ত তথ্যসংগ্রহকারীগণ ডিজিটাল পদ্ধতিতে নমুনাভিত্তিক তথ্যসংগ্রহ কার্যক্রমে আগামী ১১ হতে ২৪ মে ২০২৬ পর্যন্ত নিয়োজিত থাকবেন। এ কার্যক্রমে আপনার প্রতিষ্ঠান/ সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তাগণ বা আপনার অধীনস্থ/নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠান/সংস্থাসমূহে কর্মরত কর্মকর্তাগণের সার্বিক সহায়তা এ জরিপ বাস্তবায়নে গুরুত্বপূর্ণ অবদান রাখবে বলে আমি বিশ্বাস করি।

০৫। বর্ণিতাবস্থায়, **'পরিবেশ সুরক্ষা ব্যয়, সম্পদ ও বর্জ্য ব্যবস্থাপনা (প্রতিষ্ঠান) জরিপ ২০২৬'** শীর্ষক জরিপ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে তথ্য সংগ্রহে বিবিএস এর কর্মকর্তা/তথ্যসংগ্রহকারীকে সার্বিক সহায়তা প্রদানের নিমিত্ত আপনার প্রতিষ্ঠান/সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে বা আপনার অধীনস্থ/নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠান/সংস্থাসমূহকে প্রয়োজনীয় পরামর্শ/দিক-নির্দেশনা প্রদানের জন্য আপনার ব্যক্তিগত মনোযোগ আকর্ষণ করছি।

ধন্যবাদান্তে

মোঃ ফরহাদ সিদ্দিক
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
ফোন: ৫৫০০৭০৫৬
ইমেইল: dg@bbs.gov.bd

সভাপতি
বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (BGMEA)
BGMEA কমপ্লেক্স, হাউজ# ৭/৭এ, সেক্টর# ১৭,
ব্লক# এইচ-১, উত্তরা, ঢাকা- ১২৩০।